

২০১৫

বাংলা

(সাম্মানিক)

তৃতীয় পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রাচ্য সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসত্ত্ব লিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১৫ × ২

(ক) সত্যেন্দ্রনাথ দত্তের কবিতার বিষয় ও আঙ্গিকের
বিশিষ্টতার পরিচয় দাও ।

(খ) ‘তীর্থযাত্রী’, ‘মানবপুত্র’, ও ‘শিশুতীর্থ’ কবিতাএয়ী
একসূরে বাঁধা । — এই মন্তব্যের সারবস্তা বিচার
করো ।

- (গ) ‘আমার কৈফিয়ৎ’ কবিতায় নজরুল তাঁর বিশেষ ধরনের কাব্য-রচনার পক্ষে যেসব যুক্তি দেখিয়েছেন, সেগুলি বিশ্লেষণ করো ।
- (ঘ) ‘১৯৪৬-৪৭’ ও ‘তিমির হননের গান’— এই কবিতা দুটির তুলনামূলক আলোচনা করো ।
- (ঙ) ‘বিঝু দে-র ‘ঘোড়সওয়ার’ কবিতায় কবির বহুমাত্রিক অনুভব কীভাবে ধরা পড়েছে আলোচনা করো ।
- ২। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮ × ৫
- (ক) প্রেমেন্দ্র মিত্রের কবিকর্মের বিশিষ্টতার পরিচয় দাও ।
- (খ) সাহিত্যিক মহাকাব্য সম্পর্কে আলোচনা করো ।
- (গ) ‘বাঁশি’ কবিতার নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো ।
- (ঘ) ‘সাধারণ মেয়ে’ কবিতায় ‘সামান্য মেয়ে’ কে ‘বিধাতার শক্তির অপব্যয়’ বলে আক্ষেপ করা হয়েছে কেন ?
- (ঙ) ‘সাম্যবাদী’ কবিতাগুচ্ছের ‘নারী’ ও ‘বারাঙ্গা’ কবিতা দু’টিতে নজরুলের যে গভীর সহমর্মিতা প্রকাশ পেয়েছে তার স্বরূপ বিশ্লেষণ করো ।
- (চ) ‘বনলতা সেন’ কবিতা অবলম্বনে জীবনানন্দের ইতিহাস চেতনার পরিচয় দাও ।

(হ) ‘শাশ্বতী’ কবিতা অবলম্বনে সুধীন্দ্রনাথের প্রেমদর্শনের পরিচয় দাও ।

(জ) সুভাষ মুখোপাধ্যায়ের কবিপ্রতিভার পরিচয় দাও ।

৩। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৪ × ৫

(ক) রবীন্দ্রনাথের ‘গীতাঞ্জলি’ সম্পর্কে আলোচনা করো ।

(খ) রবীন্দ্র অনুসারী কবিদের কাব্য বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো ।

(গ) পত্রকাব্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো ।

(ঘ) ‘শূন্যের পানে তুলিয়া ধরিয়া পল্লব আবেদন
জেগেছে নিশ্চীথে জাগে নি ক’ সাথে খুলি কেহ
বাতায়ন ।’

— এখানে কার কথা বলা হয়েছে ? বিরহ-
বেদনালালিত চরণ দুটির মর্মাথ লেখো ।

(ঙ) ‘সে কেন জলের মতো ঘুরে ঘুরে একা কথা কয় !’
— এই উক্তির আলোকে কবির ‘বোধ’--এর
পরিচয় দাও ।

(চ) ‘সমস্ত দিনের শেষে শিশিরের শব্দের মতন সঙ্ক্ষা
আসে, ডানায় রৌদ্রের গন্ধ ঘুছে ফেলে চিন ...’ ।
উৎস ও অনুষঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো ।

- (হ) ‘চূর্ণ এ লৌহের পৃথিবী
 তোমাদের রক্তসমুদ্রে
 গলে পরিণত হয় মাটিতে’ — ব্যাখ্যা করো ।
- (জ) ‘ক্যামেলিয়া’ কবিতায় সাঁওতাল পরগণার নির্জন
 কোণে বক্তা মানুষটির নিজেকে কেন অসহ্য
 অতিরিক্ত মনে হয়েছে ? তাঁর বাকি থাকা কাজ
 পূর্ণ হল কীভাবে ?
-